# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৩৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১. দ্বিতীয় অনুচ্ছেদ - তিলাওয়াতের সিজদা্

## আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي سُجُودِ الْقُرْآنِ بِاللَّيْلِ: «سَجَدَ وَجْهِي لِلَّذِي خَلَقَهُ وَشَقَّ سَمْعَهُ وَبَصَرَهُ بِحَوْلِهِ وَقُوَّتِهِ» . رَوَاهُ أَبُو دَاوُد وَالتِّرْمِذِيّ وَالنَّسَائِيُّ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ

## বাংলা

১০৩৫-[১৩] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে তিলাওয়াতের সাজদায় এ দু’আ পড়তেনঃ ’’সাজাদা ওয়াজহিয়া লিল্লাযী খলাক্বাহূ ওয়া শাক্কা সাম্’আহূ ওয়া বাসারাহূ বিহাওলিহী ওয়া ক্যুওয়াতিহী’’ (অর্থাৎ আমার চেহারা ওই জাতে পাককে সিজদা্ (সিজদা/সেজদা) করল যিনি একে সৃষ্টি করেছেন। নিজের শক্তি ও কুদরতের দ্বারা তাতে কান ও চোখ দিয়েছেন)। (আবূ দাঊদ, তিরমিযী, নাসায়ী; ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান সহীহ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১৪১৪, আত্ তিরমিযী ৫৮০, নাসায়ী ১১২৯, হাকিম ৮০০, আহমাদ ২৫৮২১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস এবং এর পরবর্তী হাদীস থেকে প্রমাণিত হয় যে, তিলাওয়াতের সাজদাতে যিকর তথা দু‘আ বিধিসম্মত। এ সিজদা্ (সিজদা/সেজদা) ফরয সালাতেই হোক বা নফল সালাতে অথবা সালাতের বাইরেই হোক। যারা বলেন, এ দু‘আ নফল সালাতে অথবা সালাতের বাইরে সাজদার সময় বলা যাবে তাদের পক্ষে কোন দলীল নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55595

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন